গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-৬ শাখা

১৫ নভেম্বর, ২০২২ রেল সেবাসপ্তাহ উদ্‌যাপনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব |
| সভার তারিখ | ০৩/১১/২০২২ |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকায় |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৯৩০) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

**সভার উপস্থিতি:** সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা/অডিট ও আইিসিটি/আইন ও ভূমি), যুগ্মসচিব (প্রশাসন), যুগ্মসচিব (প্রশাসন-২), অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/আরএস/আই) এবং রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন, যা পরিশিষ্ট 'ক'-তে উপস্থাপন করা হলো।

০২। **প্রারম্ভিক আলোচনা:**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভারকাজ শুরু করেন। তিনি উপসচিব (প্রশাসন-৬)-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচি পাঠ করার জন্য আহবান জানান।

২.২ উপসচিব (প্রশাসন-৬) জানান যে, ঢাকা রেলওয়ে স্টেশনে (কমলাপুর) ১৫ নভেম্বর ২০২২ তারিখ রেলসেবা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠান করা যেতে পারে। রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক টাস্কফোর্স কমিটি গঠনপূর্বক বিভিন্ন স্টেশন/ট্রেন পরিদর্শন করা; ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা রেল স্টেশনে সেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন ট্রেনে ভ্রমণরত যাত্রীদের মধ্যে ফুল/চকলেট/পানি বিতরণ করা; যাত্রী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্টেশনে রেল সেবা সংক্রান্ত লিফলেট বিতরণ করা; গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে ব্যানার/ফেস্টুন দিয়ে সজ্জিতকরণ; বিনা টিকিটে রেল ভ্রমণরোধে বিশেষ ব্লক চেকিং কার্যক্রম গ্রহণ; আরএনবি এবং জিআরপি কর্তৃক বিভিন্ন নিরাপত্তা কার্যক্রম গ্রহণ; ষ্টেশন প্ল্যাটফরম ও ট্রেনে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ; ট্রেনে সরবরাহকৃত খাবারের মান নিশ্চিতকরণ সম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; স্টেশন প্ল্যাটফরম ও স্টেশনে অবস্থিত দোকানসমূহ এবং চলন্ত ট্রেনে ধূমপান ও তামাক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করা; রেলওয়ের নিয়ন্ত্রণাধীন হাসপাতালসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ; রেলওয়ে হাসপাতাল সংলগ্ন স্টেশনসমূহে ফ্রি চিকিৎসা ক্যাম্প পরিচালনা; ট্রেনে গার্ড ও স্টেশন মাস্টারের নিকট রক্ষিত ফাস্ট এইড বক্স এ প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রদান; রেল সেবা সপ্তাহ উপলক্ষে বাংলাদেশ রেলওয়ে হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান; এবং টিভি ও মিডিয়াতে "রেল সেবা সপ্তাহ ২০২২" উপলক্ষে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা যেতে পারে।

২.৩ অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান যে, স্টেশনগুলোতে রেল সেবাসপ্তাহ উপলক্ষে স্টেশন ও ট্রেন যাত্রীদের মধ্যে লিফলেট বিতরণের ব্যবস্থা করা যায়।

২.৪ যুগ্ম-সচিব (প্রশাসন-২) জানান যে, রেলওয়ে হাসপাতাল সংলগ্ন স্টেশনগুলোতে রেল সেবাসপ্তাহ উপলক্ষে যাত্রীদের জন্য চিকিৎসা সেবা ও রক্তদান কর্মসূচি আয়োজন করা যেতে পারে। তিনি প্রাথমিক চিকিৎসা হিসেবে যাত্রীদের ব্লাড

প্রেসার এবং ডায়বেটিস চেক করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন।

২.৫ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বলেন, বাংলাদেশ রেলওয়ে হতে বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের দিয়ে প্রচারণা ও পরিদর্শনের জন্য কমিটি গঠন করা যেতে পারে। কমিটিতে রেলপথ মন্ত্রণালয় হতে সদস্য অন্তর্ভুক্ত করা যেতে পারে।

২.৬ রেল সেবাসপ্তাহের প্রতিপাদ্য বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রস্তাবিত প্রতিপাদ্যসমূহের মধ্য হতে সভায় উপস্থিত কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত কয়েকটি প্রতিপাদ্য নিম্নে উল্লেখ করা হলো:

১। টিকিট যার, ভ্রমণ তাঁর;

২। টিকিট কেটে ট্রেনে চড়ি, নিরাপদে বাড়ি ফিরি;

৩। বঙ্গবন্ধুর স্বপ্নে দেখা রেলে চড়া, বাস্তব হচ্ছে তারই কন্যার হাতে গড়া;

৪। শেখ হাসিনার উদ্যোগ, সকল জেলায় রেল সংযোগ; এবং

৫। টিকিট কেটে রেলে চড়ি, নিশ্চিন্তে ভ্রমণ করি।

মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় এর মতামত গ্রহণপূর্বক প্রতিপাদ্য নির্বাচিত করা হবে মর্মে সভাপতি মতামত ব্যক্ত করা হয়।

২.৭ সভাপতি বলেন, বড় বড় স্টেশনগুলোতে ব্যানার এবং ফেস্টুন লাগানো যেতে পারে। বিদ্যুৎ সাশ্রয়ী হওয়ার বিষয়ে সরকারের নির্দেশনা থাকায় এ বছর আলোকসজ্জা করা ঠিক হবে না। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক কৃচ্ছতাসাধন করে ব্যয় নির্বাহ করতে হবে। যাত্রীদের কাছ থেকে রেল সেবা সম্পর্কিত ফিডব্যাক পাওয়ার জন্য একটি সার্ভের ব্যবস্থা করা যেতে পারে। অনলাইনেও এ ধরণের একটি সার্ভের ব্যবস্থা করা যেতে পারে। যাতে যাত্রীরা টিক মার্ক দিয়ে তাদের মতামত জানাতে পারেন। তিনি আরও বলেন, রেল সেবা উপলক্ষে ট্রলি সেবা, এপ্রোন সরবরাহ করা যেতে পারে। কুলিদেরকে গেঞ্জি সরবরাহ করা যেতে পারে। রেল সেবা সপ্তাহ উপলক্ষে বাংলাদেশ রেলওয়ের স্কাউটদেরকে সম্পৃক্ত করতে হবে। ধুমপান বিরোধী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। ট্রেনে ঢিল ছোঁড়া নিরুৎসাহিত করার লক্ষ্যে প্রচারণা চালাতে হবে। ট্রেন এবং স্টেশন পরিষ্কার- পরিচ্ছন্ন রাখতে হবে। টিকিট কালোবাজারি রোধে প্রচারণা চালাতে হবে। আগামী ১৩/১১/২০২২ তারিখ বাংলাদেশ রেলওয়ের ক্যাটারিং সার্ভিস এর বিষয়ে একটি সভা আহবান করতে হবে। ঢাকা রেলওয়ে স্টেশনে (কমলাপুর) ১৫ নভেম্বর ২০২২ তারিখ রেলসেবা দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হবে। মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং মাননীয় মন্ত্রীর নির্দেশনা মতে থেকে সময় নিয়ে সভার সময় নির্ধারণ করতে হবে। রেলসেবা সপ্তাহ উপলক্ষ্যে রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সদস্যগণকে আমন্ত্রণ জানানো যেতে পারে।

০৩। বিস্তারিত অলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | **আলোচনা সভা আয়োজন:**<br>ঢাকা রেলওয়ে স্টেশনে (কমলাপুর) ১৫ নভেম্বর ২০২২ তারিখ রেল সেবা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা হয়। | ঢাকা রেলওয়ে স্টেশনে (কমলাপুর) ১৫ নভেম্বর ২০২২ তারিখ রেলসেবা সপ্তাহ এর শুভ উদ্বোধন ও আলোচনা সভা আয়োজন করতে হবে। মাননীয় মন্ত্রী এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। | মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে;<br>এবং<br>বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা) |

| | | | |
|---|---|---|---|
| ৩.২ | **রেল সেবা সপ্তাহ উপলক্ষে সেবামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ:** ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা রেল স্টেশনে সেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে রক্তদান কর্মসূচি আয়োজন করা; বিভিন্ন ট্রেনে ভ্রমণরত যাত্রীদের মধ্যে ফুল/চকলেট/পানি বিতরণ করা; যাত্রী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্টেশনে রেল সেবা সংক্রান্ত লিফলেট বিতরণ করা; গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে ব্যানার/ফেস্টুন দিয়ে সজ্জিতকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা রেল স্টেশনে সেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন ট্রেনে ভ্রমণরত যাত্রীদের মধ্যে ফুল/চকলেট/পানি বিতরণ করা; যাত্রী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্টেশনে রেল সেবা সংক্রান্ত লিফলেট বিতরণ করা; গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে ব্যানার/ফেস্টুন দিয়ে সজ্জিতকরণ করতে হবে। বিদ্যুৎ সাশ্রয়ী হওয়ার ব্যাপারে সরকারের নির্দেশনা থাকায় আলোকসজ্জা করা হবে না। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) চট্টগ্রাম/রাজশাহী; এবং বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (সকল) |
| ৩.৩ | **রেলওয়ে স্টেশন ও ট্রেনে পরিস্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যক্রম:** বাংলাদেশ রেলওয়ের স্টেশনসমূহে ও ট্রেনে পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের সকল স্টেশনসমূহে ও ট্রেনে পরিস্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) চট্টগ্রাম/রাজশাহী; এবং বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (সকল) |
| ৩.৪ | **মোবাইল কোর্ট পরিচালনা:** রেল সেবাসপ্তাহ উপলক্ষে বিনা টিকিটে রেল ভ্রমণ প্রতিরোধের লক্ষে বিভিন্ন ট্রেনে ব্লক চেকের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আলোচনা হয়। | রেল সেবাসপ্তাহ উপলক্ষে বিনা টিকিটে রেল ভ্রমণ প্রতিরোধের লক্ষে বিভিন্ন ট্রেনে ব্লক চেকের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম) চট্টগ্রাম/রাজশাহী; এবং বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা (সকল) |
| ৩.৫ | **বিভিন্ন কর্মসূচি প্রণয়ন ও প্রচারণা:** রেল সেবাসপ্তাহ উপলক্ষে ১৫ নভেম্বর হতে সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচি প্রণয়ন ও প্রচারের বিষয়ে সভায় আলোচনা হয়। | রেল সেবাসপ্তাহ উপলক্ষে ১৫ নভেম্বর হতে সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচি প্রণয়ন ও প্রচারের ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; এবং মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) চট্টগ্রাম/রাজশাহী |
| ৩.৬ | **রেলসেবা ফিডব্যাক সংক্রান্ত সার্ভে:** রেলসেবার মান উন্নয়নের লক্ষে যাত্রীদের নিকট হতে ফিডব্যাক সংক্রান্ত সার্ভে করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রেলসেবার মান উন্নয়নের লক্ষে যাত্রীদের নিকট হতে ফিডব্যাক সংক্রান্ত সার্ভে সরাসরি কোশ্চেনইয়ার এর মাধ্যমে হবে এবং যেখানে অন্তত একটি প্রশ্ন ওপেন এন্ডড হতে হবে। অনলাইনেও অনুরূপ সার্ভে পরিচালনা করতে হবে, তবে যেখানে প্রশ্নগুলো টিক দেয়ার মাধ্যমে উত্তর দেয়ার সংস্থান থাকবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; এবং অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৭ | **ক্যাটারিং সার্ভিসের বিষয়ে সভা আহবান:** আগামী ১৩/১১/২০২২ তারিখ বাংলাদেশ রেলওয়ের ক্যাটারিং সার্ভিস এর বিষয়ে একটি সভা আহবানের বিষয়ে আলোচনা হয়। | আগামী ১৩/১১/২০২২ তারিখ বাংলাদেশ রেলওয়ের ক্যাটারিং সার্ভিস এর বিষয়ে একটি সভা আহবান করতে হবে। সভা সংক্রান্ত তথ্যাদি জরুরি ভিত্তিতে বাংলাদেশ রেলওয়ে হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; উপসচিব (প্রশাসন-৬) রেলপথ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ৩.৮ | **রেল সেবা সপ্তাহ উপলক্ষে প্রাথমিক চিকিৎসা সেবা ও রক্তদান কর্মসূচি আয়োজন:**<br>রেল সেবাসপ্তাহ উপলক্ষে ১৫ নভেম্বর হতে সপ্তাহব্যাপী রেলওয়ে হাসপাতাল সংলগ্ন স্টেশনগুলোতে প্রাথমিক চিকিৎসা ও রক্তদান কর্মসূচির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) রেল সেবাসপ্তাহ উপলক্ষে ১৫ নভেম্বর হতে সপ্তাহব্যাপী রেলওয়ে হাসপাতাল সংলগ্ন স্টেশনগুলোতে প্রাথমিক চিকিৎসা ও রক্তদান কর্মসূচির আয়োজন করতে হবে; এবং<br>(খ) প্রধান চিকিৎসা কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহীকে প্রধান করে কমিটি গঠন করতে হবে। | মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে |

৪। ঢাকা রেলওয়ে স্টেশনে রেল সেবাসপ্তাহ উপলক্ষে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| ক্রমিক:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ৪.১ | (ক) মূল কমিটি | (১) মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় | উপদেষ্টা |
| | | (২) সচিব, রেলপথ মন্ত্রণালয় | আহবায়ক |
| | | (৩) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | (৪) অতিরিক্ত সচিব (সকল),রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| | | (৫)অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে রেঞ্জ ঢাকা। | সদস্য |
| | | (৬) যুগ্ম সচিব (সকল) ),রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| | | (৭)অতিরিক্ত মহাপরিচালক (সকল),বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | (৮)মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম),বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | (৯) উপসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| | | (১০) বিভাগীয় রেল ব্যবস্থাক (সকল), বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | (১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৪.২ | অভ্যর্থনা ও আপ্যায়ন উপ-কমিটি | (১)অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা),রেলপথ মন্ত্রণালয় | আহবায়ক |
| | | (২)অর্থনীতিবিদ,বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | (৩)উপসচিব (উন্নয়ন-২),রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| | | (৪)বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে,ঢাকা | সদস্য |
| | | (৫)সিনিয়র সহকারী সচিব (অডিট-১) | সদস্য |
| ৪.৩ | সাজ-সজ্জা উপ-কমিটি | (১)অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে | আহবায়ক |
| | | (২) যুগ্ম মহাপরিচালক (অপারেশন) বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | (৩) বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা | সদস্য |
| | | (৪) উপসচিব (ভূমি), রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| | | (৫) উপপরিচালক (প্রশাসন) , বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| ৪.৪ | অর্থ উপকমিটি | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে | আহবায়ক |
| | | (২) অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | (৩) প্রকল্প পরিচালক, পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প , বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | (৪) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| | | (৫) উপসচিব ( প্রশাসন- ১) , রেলপথ মন্ত্রণালয় | সদস্য |

০৫।অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

ড. মো: হুমায়ুন কবীর
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৪১.১৮.০০৮.২১.২৮০

তারিখ: ২২ কার্তিক ১৪২৯
০৭ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

২) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়

৩) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, হাউজ ন -১২/সি, রোড নং-১০৫. গুলশান-২, ঢাকা

৪) যুগ্ম সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়

৫) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা

৬) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম),, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

৭) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়

৮) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা।

৯) যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়

১১) উপসচিব (সকল) রেলপথ মন্ত্রণালয়

১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট রেলপথ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩) প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

১৪) বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা (সকল), ঢাকা/চট্টগ্রাম/পাকশী/লালমনিরহাট।

১৫) প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।

১৬) প্রধান চিকিৎসা কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

১৭) বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (সকল), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা/চট্টগ্রাম/পাকশী/লালমনিরহাট।

১৮) প্রকল্প পরিচালক, পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে।

১৯) অর্থনীতিবিদ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২০) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২১) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়।

২২) উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২৩) চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

০৭.১১.২২

আলমগীর হুছাইন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)